

তারিখ:
 পৃষ্ঠা: ৩

বিসিএস পরীক্ষাদানের ব্যাপারে মাদ্রাসার ছাত্র ছাত্রীরা বৈষম্যের শিকার

-মাদ্রাসা ছাত্র আন্দোলন

রাজশাহী অফিস : আসন্ন ২৪তম বিসিএস পরীক্ষায় ফাজিল ও কামিল পাস ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের সুযোগদানের দাবীতে বাংলাদেশ মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদ রাজশাহী মহানগরী শাখা গত বুধবার ব্যাপক কর্মসূচী পালন করে। কর্মসূচীর মধ্যে ছিল বিক্ষোভ মিছিল, সমাবেশ ও জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি দান। রাজশাহী দারুস সালাম আলীয়া মাদ্রাসা চত্বর হতে মিছিলটি বের হয়ে নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে তারা জেলা প্রশাসকের অফিসের সামনে এক সমাবেশ করে। সমাবেশে বক্তারা বলেন, বিশ্ববিদ্যালয় থেকে পাস করা ছাত্র-ছাত্রীরা বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পেলেও মাদ্রাসা হতে ফাজিল ও কামিল পাস করা ছাত্ররা একই সিলেবাস পড়েও সেই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। তারা জোট সরকারের নির্বাচনী ওয়াদা অনুযায়ী সকল বৈষম্যের অবসান ঘটিয়ে ফাজিল ও কামিল পাস ছাত্র-ছাত্রীদের ২৪তম বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের সুযোগদানের জোর দাবী জানান। সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন আবু সাঈদ মুহাম্মদ আবদুল্লাহ, আবুল বাশার, রুহুল আমীন, এহসানুল কবীর, আব্দুল আউয়াল প্রমুখ। সমাবেশ শেষে একটি প্রতিনিধি দল জেলা প্রশাসকের নিকট তাদের দাবী সম্বলিত একটি স্মারকলিপি দান করে।